# ২০১৯

## বাংলা — সাম্মানিক

### সেমেস্টার - ৩

### পেপার : CC-6

### (ঐতিহাসিক ভাষাবিজ্ঞান)

পূর্ণমান : ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে আধুনিক ভারতীয় আর্যভাষা হিসেবে বাংলা ভাষার উদ্ভবের গতিপথটি একটি রেখাচিত্রের মাধ্যমে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) সংস্কৃত ভাষার সঙ্গে বাংলা ভাষার সম্পর্ক যুক্তিসহ আলোচনা করো। ১০

২। (ক) প্রাচীন বাংলা ভাষার রচনাকাল ও রচনা নিদর্শনগুলির উল্লেখ করো। প্রাচীন বাংলার প্রধান ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি চর্যাপদের প্রেক্ষিতে বুঝিয়ে দাও। ১+২+৭

*অথবা,*

(খ) আদি মধ্যযুগের বাংলাভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রেক্ষিতে লেখো। ১০

৩। (ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক লক্ষণগুলি 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'পরিব্রাজক'-এর ভাষায় আধুনিক বাংলা ভাষার যেসব বৈশিষ্ট্য ফুটে উঠেছে, তা উদাহরণসহ লেখো। ১০

৪। (ক) 'সতম্' ও 'কেন্তুম' গুচ্ছ কী? ৫

*অথবা,*

(খ) ভারতে বর্তমানে কোন্ কোন্ ভাষা পরিবারের ভাষা প্রচলিত? ৫

৫। (ক) প্রাচীন বাংলা ভাষায় কারক-বিভক্তির ব্যবহার সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর ছন্দোরীতিগত বৈশিষ্ট্য সংক্ষেপে লেখো। ৫

**Please Turn Ove**

৬। (ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষার সময়কাল ও রচনা নিদর্শন সম্পর্কে আলোচনা করো। ৫

অথবা,

(খ) আধুনিক যুগের বাংলা ভাষার বাক্য গঠনগত বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার আনুমানিক বিস্তৃতিকাল সম্পর্কে উল্লেখ করে এই যুগের ভাষার নিদর্শনগুলির নামোল্লেখ করো। ৫

অথবা,

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে ব্যবহৃত নাসিক্য ব্যঞ্জন সম্পর্কিত বৈশিষ্ট্যগুলি লেখো। ৫

অথবা,

(গ) অন্ত্য-মধ্য বাংলা ভাষায় দেশি ও বিদেশি শব্দের ব্যবহার সম্পর্কে লেখো। ৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) ছান্দস কী?

(খ) মধ্য ভারতীয় আর্যভাষার তিনটি উপস্তরের নাম লেখো।

(গ) বাংলা ভাষা কোন্ প্রাকৃত ভাষা থেকে উৎপন্ন?

(ঘ) কর্ম > কম্ম — কী জাতীয় পরিবর্তন?

(ঙ) 'পৈশাচী' কোন্ স্তরের ভাষা?

(চ) কালিদাসের নাটকে কোন্ ভাষা ব্যবহৃত হয়েছে?

(ছ) '<u>রুখের</u> তেন্তলি কুম্ভীরে খাঅ' এই বাক্যবন্ধে নিম্নচিহ্নিত শব্দের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যটি লেখো।

(জ) 'অস্মাভিঃ' কীভাবে প্রাচীন বাংলায় বিবর্তিত হয়েছে? বিবর্তিত রূপটি লেখো।

(ঝ) পাদাকুলক কী?

(ঞ) 'পাখি নহোঁ তার ঠাই উড়ি পড়ি <u>জাওঁ</u>' — নিম্নরেখ শব্দে ক্রিয়াবিভক্তির বৈশিষ্ট্যটি লেখো।

(ট) প্রণমিয়া <u>পাটনী</u> কহিছে জোড় হাতে — নিম্নরেখ অংশটির কারকবিভক্তি নির্ণয় করো।

(ঠ) অন্নদামঙ্গল কাব্যে ব্যবহৃত একটি প্রবাদের উদাহরণ দাও।

(ড) অন্ত্য-মধ্য যুগের বাংলা ভাষায় পুরুষ কয়টি?

(ঢ) আধুনিক বাংলায় বহুত্ববাচক পদগুলি উল্লেখ করো।

(ণ) আধুনিক বাংলা ভাষায় ব্যবহৃত একটি দেশি শব্দের প্রয়োগ দেখাও।